

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৪.২০২৩. ৫৪

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব আবু তাহের মো: কামরুল হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নানিয়ারচর, রাজামাটি পার্বত্য জেলা গত ০৮/১২/২০১৫ তারিখ ধর্মপাশা উপজেলায় মাধ্যমিক শিক্ষা অফিসার পদে যোগদানের পর থেকেই কর্মস্থলে অনুপস্থিত থাকাসহ বিভিন্ন রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দিবস ও অনুষ্ঠানে অনুপস্থিত থাকা এবং শিক্ষক/কর্মচারীদের হয়রানীর বিষয়টি জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ কর্তৃক সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৭/০৭/২০২৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ২৩/১১/২০২৩ তারিখ তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে জনাব আবু তাহের মো: কামরুল হাসান এর বিরুদ্ধে কর্মস্থলে এবং বিভিন্ন রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দিবস ও অনুষ্ঠানে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব আবু তাহের মো: কামরুল হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নানিয়ারচর, রাজামাটি পার্বত্য জেলা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাকে “তিরস্কার” সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০৪/০১/২৪
(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৪.২০২৩.

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব আবু তাহের মো: কামরুল হাসান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব আবু তাহের মো: কামরুল হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নানিয়ারচর, রাজামাটি পার্বত্য জেলা।


০৪/০১/২৪
(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব